

২০২০

বাংলা — সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা-১)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

(ক) নীচের গল্পসূত্রটি অবলম্বনে অনধিক ৩০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো। ১০

দীর্ঘদিন অতিমারির প্রকোপে বাড়িতে আটকে বসু পরিবারের সদস্যরা। হঠাৎই এক আত্মীয়ের ডাকে গাড়ি করে সপরিবার যাওয়া হল শিমুলতলা। যে বাড়িতে থাকা হবে সেটি এক বিশাল জমিদার বাড়ি। যার অনেকগুলি ঘর বন্ধ। সন্ধ্যাবেলা ঘুরতে ঘুরতে সেই রকম এক বন্ধ ঘরের দরজা খুলে ফেলে বসুদের ছোটো মেয়ে রেশমী। তারপর...

অথবা,

(খ) নিম্নলিখিত গল্পাংশের নাট্যরূপ দাও। ১০

এক রাজার দেশে এক কুমার ছিল; তার নাম ছিল কানাই।

কানাই কিছু একটা গড়িতে গেলেই তাহা বাঁকা হইয়া যাইত; কাজেই তাহা কেহ কিনিত না। কিন্তু তাহার স্ত্রী খুব সুন্দর হাঁড়ি কলসী গড়িতে পারিত। ইহাতে কানাইয়ের বেশ সুবিধা হইবারই কথা ছিল। সে সকল মেহন্নত তাহার স্ত্রীর ঘাড়ে ফেলিয়া, সুখে বেড়াইতে পারিত। কিন্তু তাহার স্ত্রী বড়ই রাগী ছিল, কানাইকে আলস্য করিতে দেখিলেই সে বাঁটা লইয়া আসিত। সুতরাং মোটের উপর বেচারার কষ্টই ছিল বলিতে হইবে।

একদিন কানাইয়ের স্ত্রী কতকগুলি হাঁড়ি রোদে দিয়া বলিল, ‘দেখো যেন কিছুতে মাড়ায় না।’

কানাই কিছু চিঁড়ে আর ঝোলাগুড় এবং একটা লাঠি লইয়া হাঁড়ি পাহারা দিতে বসিল। এক-একবার চিঁড়ে খায় আর এক-একবার হাঁড়ির পানে তাকাইয়া দেখে, কিছুতে মাড়াইল কিনা।

কানাইয়ের ঝোলাগুড়ের খানিকটা কেমন করিয়া হাঁড়ির উপর পড়িয়াছিল, অনেকগুলি মাছি আসিয়া তাহা খাইতে বসিয়া গেল। কানাই তাহা দেখিয়া বলিল, ‘বটে! হাঁড়ি মাড়াচ্ছ? আচ্ছা, রোসো!’ এই বলিয়া সে তাহার সেই লাঠি দিয়া মাছিগুলোকে এমনি এক ঘা লাগাইল যে তাহাতে মাছিও মরিয়া গেল, হাঁড়িও গুঁড়া হইয়া গেল।

কানাই গনিয়া দেখিল যে, সাতটা মাছি মরিয়াছে। তাহাতে সে লাঠি বগলে করিয়া ভারি গম্ভীর হইয়া বসিয়া রহিল। হাঁড়ি ভাঙার শব্দ শুনিয়া তাহার স্ত্রী বাঁটা হাতে আসিয়া জিজ্ঞাসা করিল, ‘কী হয়েছে?’ কানাই কথা কয় না। তাহার স্ত্রী যতই জিজ্ঞাসা করে, সে খালি আরও গম্ভীর হইয়া যায়।

Please Turn Over

শেষটা যখন তাহার স্ত্রী বড়ই বাড়াবাড়ি করিল, তখন সে চোখ লাল করিয়া বলিল, ‘দেখ, হিসেব করে কথা কোস। এক ঘায় সাতটা মেরেছি, জানিস?’

কানাই আর কাহারও সঙ্গে কথা হয় না। বেশি পীড়াপীড়ি করিলে খালি বলে, ‘হিসেব করে কথা কোস। এক ঘায় সাতটা মেরেছি, জানিস?’

শেষে একদিন কানাই একথান মার্কিন দিয়া মাথায় একটা পাগড়ি বাঁধিল। বনের ভিতর হইতে বাঁশ কাটিয়া একটা ভয়ানক মোটা লাঠি তয়ের করিল। তারপর পিরান গায়ে দিয়া কোমর বাঁধিয়া, ঢাল হাতে করিয়া, নাগরা জুতা পায় দিয়া, রাজার বাড়িতে পালোয়ানগিরি করিতে চলিল। যাইবার সময় তাহার স্ত্রীকে বলিয়া গেল— ‘আমি আর তোদের এখানে থাকব না। আমি এক ঘায় সাতটা মারতে পারি।’

পথের লোক জিজ্ঞাসা করে, ‘কানাই কোথায় যাও?’ কানাই সে কথার কোন উত্তর দেয় না। সে মনে করিয়াছে যে এখন হইতে আর কানাই বলিয়া ডাকিলে উত্তর দিবে না। সে এক ঘায় সাতটা মারিয়া ফেলিয়াছে! এখন কি আর তাহাকে কানাই ডাকা সাজে? এখন তাহাকে বলিতে হইবে ‘সাতমার পালোয়ান!’

২। (ক) শব্দের সঠিক উচ্চারণ ও আবৃত্তিচর্চার সম্পর্ক কী? পাঁচটি উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে লেখো। ১০

অথবা,

(খ) কলাবৃত্ত হৃন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) সাহিত্য ও চলচ্চিত্রের সম্পর্ক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

(খ) ‘ক্ষুধিত পাষণ’ ছোটগল্পটি ও ‘ক্ষুধিত পাষণ’ চলচ্চিত্রের একটি তুলনামূলক আলোচনা করো। ১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) মিশ্র কলাবৃত্ত হৃন্দের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) ‘টেলিভিশনের চিত্রনাট্য নির্মাণ অপেক্ষাকৃত সহজ’— মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে পাঁচটি যুক্তি দাও।

(গ) ‘পথের পাঁচালী’ চলচ্চিত্রের কোন সিকোয়েন্স তোমার সবচেয়ে প্রিয়? কারণসহ বুঝিয়ে দাও।

(ঘ) টীকা লেখো : চিত্রনাট্য

(ঙ) বাংলা ছন্দে ‘দল’ কতরকম? নানারকম দলের উদাহরণসহ বুঝিয়ে দাও।

(চ) নাট্যরূপ দানে প্রধান পাঁচটি উপকরণ কী কী?

(ছ) ‘বাড়ি থেকে পালিয়ে’ চলচ্চিত্রে কাঞ্চন চরিত্রটির উপস্থাপনা কি উপন্যাসের সঙ্গে মেলানো যায়? সংক্ষেপে আলোচনা করো।

(জ) গল্প লেখার ক্ষেত্রে শেষাংশের ভূমিকা কী সে বিষয়ে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) কোন ছন্দকে ‘ছড়ার ছন্দ’ বলা হয়?

(খ) রবীন্দ্রনাথের কাহিনি অবলম্বনে নির্মিত দুটি চলচ্চিত্রের নাম লেখো।

(গ) ‘ক্ষুধিত পাষণ’ চলচ্চিত্রের সংগীত পরিচালক কে ছিলেন?

- (ঘ) 'পর্ব' বলতে ছন্দে কী বোঝায়?
- (ঙ) 'যতি' কত রকম?
- (চ) নাটকে যবনিকা বলতে কী বোঝানো হয়?
- (ছ) চলচ্চিত্রে আবহসংগীত বলতে কী বোঝায়?
- (জ) বাংলা ছন্দের তিনটি মূল ধারার নাম লেখো।
- (ঝ) 'পথের পাঁচালী' চলচ্চিত্রের জন্য সত্যজিৎ রায় প্রথম কোন পুরস্কার পেয়েছিলেন?
- (ঞ) 'অপু ট্রিলজি' বলতে কী বোঝায়?
- (ট) সত্যজিৎ রায় লিখিত গোয়েন্দা চরিত্রের নাম কী?
- (ঠ) 'মুক্তক' ছন্দের প্রবর্তক কে?
- (ড) রবীন্দ্রনাথের লেখা দুটি নাটকের নাম লেখো।
- (ঢ) অঙ্গন মঞ্চ কাকে বলে?
- (ণ) দলবৃত্ত ছন্দে রুদ্ধদল কত মাত্রা?
- (ত) দুজন বাঙালি আবৃত্তিকার-এর নাম লেখো।
- (থ) একজন সাহিত্যিক চিত্রপরিচালকের নাম লেখো।
- (দ) 'রবীন্দ্রনাথ' — এই শব্দে কয়টি অক্ষর রয়েছে?
- (ধ) 'অমিত্রাক্ষর' কার সৃষ্টি?
- (ন) নাটক থেকে চলচ্চিত্রে রূপান্তরিত একটি বাংলা চলচ্চিত্রের নাম লেখো।
-